



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.১০২.২৩.৪৪৭৩

২৭ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন বুড়িরচর আহমদিয়া আলিম মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪ (মাদ্রাসা-২) এর স্মারক নং-শিম/শাখা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪, তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি.
(২) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-বুআআমা/২০২৩/১২৯; তারিখ: ০৭.১১.২৩ খ্রি. ডকেট: ১৫৭৩১; তা: ১২/১১/২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সূত্রোক্ত (২) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (১) নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে বিষয়োক্ত মাদ্রাসায় নিম্নেবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিয়মিত শর্তে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো-

মাদ্রাসার নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম ও ঠিকানা
বুড়িরচর আহমদিয়া আলিম মাদ্রাসা, হাতিয়া, নোয়াখালী (এমপিও কোড-১১০৪০৭২২০১) মোবাইল: ০১৭১৬-২৮১৮৬৭	১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-১টি (পদটি নবসৃষ্ট)	জনাব এ.কে. এম আমির হোসেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হাতিয়া, নোয়াখালী মোবা: ০১৭১১-৫৭৮৭৯০

শর্তাবলীঃ

০১. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ০৬ জুন ২০২৩ তারিখের স্মারক ৫৭.২৫.০০০০.০০১.১৫.০০২.১৫-৬৮১ অনুযায়ী বেসরকারি মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুসরণীয় নির্দেশমালা প্রতিপালন সাপেক্ষে নিয়োগ কার্যক্রম যথাযথভাবে সম্পাদনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত আদেশটি www.dme.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০২. নিয়োগ কার্যক্রম সমাপ্তির পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমেটে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর নিয়োগ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনের ফরমেটটি www.dme.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে ১ নং শর্তের নির্দেশমালা পূঙ্খানুপূঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের শাঃঃ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ নং পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিনুক্ষে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: (০২) ফর্দ (শুধুমাত্র ডি-নথি ব্যবহারকারী কর্মকর্তাদের জন্য)

১২-১২-২০২৩
মোহাম্মদ আবু নঈম
পরিচালক

জনাব এ.কে. এম আমির হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাতিয়া, নোয়াখালী।

২৭ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.১০২.২৩.৪৪৭৩/১ (৭)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী;
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।;
- ৫। অধ্যক্ষ, বুড়িরচর আহমদিয়া আলিম মাদ্রাসা, হাতিয়া, নোয়াখালী (নিয়োগ পরীক্ষার তারিখ নির্ধারণ পূর্বক সংশ্লিষ্টদের লিখিতভাবে অবহিত করবেন)।;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাতিয়া, নোয়াখালী এবং
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৩-১২-২০২৩

বেনজীর আহমেদ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) burircor madrasa